শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর**
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

স্মারক নং- ৪৬.০২.০০০০.২০২.৯৯.০০১.২১-**৬৬০** তারিখঃ ১৬-০৩-২০২১ খ্রিঃ।

# তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

সারাদেশে নির্মাণ সামগ্রী/পণ্য সরবরাহকারী/যোগ্য প্রতিষ্ঠান সমূহকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সিডিউল অব রেটস্-এর তালিকায় নতুনভাবে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে আগ্রহী নির্মাণ সামগ্রী উৎপাদনকারী/আমদানী কারক/বাজারজাত-কারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নলিখিত তথ্যাদি থাকা ও প্রতিপালন স্বাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, এলজিইডি'র সিডিউল অব রেটস্-এর তালিকায় ইতোমধ্যে অন্তর্ভুক্ত কোম্পানি সমূহকে পুনরায় অন্তর্ভুক্তির জন্য আবেদন করতে হবে।

**তালিকাভুক্তির ধরণঃ**

প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য এলজিইডি'র সিডিউল অব রেটস্-এর তালিকায় অন্তর্ভুক্তি এবং সন্তোষজনক Performance Reputation এর ভিত্তিতে এলজিইডি'র সিডিউল অব রেটস্-এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অন্তর্ভুক্তির মেয়াদ নির্দিষ্ট সময়ের জন্য যা নবায়নযোগ্য।

**আবেদনের যোগ্যতা (হালনাগাদকৃত যে সকল তথ্য/সনদ থাকা আবশ্যক)ঃ**

১) হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স;
২) ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্র;
৩) হালনাগাদকৃত আয়কর পরিশোধের সনদপত্র;
৪) বিএসটিআই অনুমোদনের সনদপত্র;
৫) জয়েন্ট ষ্টক কোম্পানী নিবন্ধিত সনদপত্র (শেয়ার হোল্ডারদের তথ্য সহ);
৬) পরিবেশ দপ্তর কর্তৃক ছাড়পত্র/পরিদর্শন রিপোর্ট;
৭) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক পরিদর্শন রিপোর্ট;
৮) ফায়ার সার্ভিসের লাইসেন্স;
৯) কারখানায় উৎপাদিত দ্রব্য ও মান নির্দেশক পরীক্ষা-সমূহের পরীক্ষাকরণ রিপোর্ট (BUET/BSTI/Other Reputed Lab Test Reports);
১০) আই.এস.ও (ISO) সনদপত্র সমূহ/অন্যান্য (স্থানীয় প্রতিনিধি কর্তৃক প্রত্যায়িত);
১১) কারখানা বিনিয়োগ বোর্ডের অনুমোদন সনদপত্র;
১২) রপ্তানী কারক এজেন্সী সনদপত্র (যদি থাকে);

**আবেদন প্রক্রিয়াঃ**

আগ্রহী নির্মাণ সামগ্রী উৎপাদনকারী/আমদানীকারক/বাজারজাতকারী প্রতিষ্ঠানের প্রতিনিধিগণকে সড়ক রক্ষণাবেক্ষণ ও সড়ক নিরাপত্তা ইউনিট, এলজিইডি, এলজিইডি ভবন (লেভেল-০৭), আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ অথবা (https://oldweb.lged.gov.bd/UnitNoticeBoard.aspx?UnitID=7) হতে **'আবেদন ফরম'** সংগ্রহপূর্বক পূরণ করে আবেদন করতে হবে। আবেদন ফরম ও আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ০৫-০৪-২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় (বিকাল ৫.০০ ঘটিকা) পর্যন্ত অফিসে/ওয়েবসাইটে পাওয়া যাবে।

উপর্যুক্ত এবং নিম্নলিখিত তথ্যাদিসহকারে আবেদন ফরম পূরণপূর্বক ০৭-০৪-২০২১ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের (বিকাল ৫.০০ ঘটিকা) মধ্যে জমা দেয়া যাবে।

১) হালনাগাদকৃত (VAT) পরিশোধ পত্র (বিগত ৬ মাসের VAT দাখিলপত্র ও চালান পত্র সহ);
২) মান নিয়ন্ত্রণে Quality Assurance & Control Chain এর Organogram ফ্লোচার্টসহ;
৩) বিগত ৬ মাসের Quality Control ডাটা সিট;
৪) বর্ণনা সহকারে উৎপাদিত দ্রব্যের প্রকার ও মূল্য তালিকা (বিগত দুই বছরসহ);
৫) উৎপাদিত পণ্যের বিস্তারিত Technical Specifications ও Standards (BDS/EN/BS/ASTM) এর উল্লেখসহ তার একটি করে Soft কপি ও Hard কপি;
৬) Organogram ও বিদ্যমান জনবলসহ তাঁদের যোগ্যতা সম্পর্কিত তথ্য (নাম, পদবী, শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা ইত্যাদি);

৭) নিজস্ব ল্যাবরেটরি এবং টেস্ট কার্যক্রম সংক্রান্ত পূণাঙ্গ তথ্য (Equipment এর ছবি, Technical Specifications, টেস্ট পদ্ধতি ইত্যাদি বর্ণনাসহ);

৮) টেস্টিং ল্যাবরেটরির Equipment-সমূহের হালনাগাদকৃত Calibration Report;

৯) পণ্য সরবরাহ/প্রাপ্তির জন্য তাঁর নিবন্ধিত/ অনুমোদিত পরিবেশক, ডিলারদের নাম, পূর্ণ ঠিকানা ও ফোন নম্বরসহ তালিকা;

১০) কাস্টমার কমপ্লেইন রেজিষ্ট্রার বা ক্রেতার অভিযোগ প্রাপ্তির সংরক্ষিত প্রমাণক;

১১) Audio-Visual Presentation এর কপি (CD/DVD আকারে জমা দিতে হবে);

১২) ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ হলফনামা (নোটারী পাবলিক সহ)।

**সাধারণ শর্তাবলীঃ**

- কোন প্রকার তদবির/ সুপারিশ তালিকায় অন্তর্ভুক্তির অযোগ্যতা প্রমাণ করবে;
- সমগ্র বাংলাদেশে নির্মাণ সামগ্রী/পণ্য সরবরাহের সুবিধা নেই, এরূপ প্রতিষ্ঠানের আবেদনের প্রয়োজন নেই;
- আবেদন পত্রের সাথে দাখিলকৃত দলিলাদি বাছাইয়ের পর শুধু উপযুক্ত বিবেচিত কোম্পানি পরিদর্শনের জন্য নির্বাচন করা হবে;
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে তালিকায় অন্তর্ভুক্তি প্রাপ্ত হলে সংশ্লিষ্ট কোম্পানির অন্তর্ভুক্তির আদেশ বাতিল করা হবে এবং সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এলজিইডি'র সিডিউল অব রেটস্-এ তালিকায় অন্তর্ভুক্তির কর্তৃপক্ষ যে কোন আবেদন/ সকল আবেদন বা তালিকায় অন্তর্ভুক্তির প্রক্রিয়া বাতিলের ক্ষমতা রাখে;
- আবেদনপত্র বাছাই ও তালিকায় অন্তর্ভুক্তির ক্ষেত্রে এলজিইডি'র সিডিউল অব রেটস্-এর তালিকায় অন্তর্ভুক্তির কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২৫/০৩/২০২২

(বিপুল চন্দ্র বনিক)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রক্ষণাবেক্ষণ)
ও
**সদস্য-সচিব**
সিডিউল অব রেটস হালনাগাদ করণ কমিটি
ফোন নম্বরঃ ০২-৮১৪৪৭৪৮
E-mail: se.maintenance@lged.gov.bd

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা।

**অনুলিপি কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর/ বিভাগঃ .......... (সকল)।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সদর দপ্তর/ অঞ্চলঃ .......... (সকল)।

৩। প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, .......... (সকল)।

৪। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলাঃ .......... (সকল)।

৫। সিনিয়র সহকারী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, জেলাঃ .......... (সকল)।

৬। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, উপজেলাঃ .......... (সকল), জেলাঃ .......... (সকল)।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ICT Unit, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা, বিজ্ঞপ্তিটি এলজিইডি'র ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। জনাব.......................................................................................................।